



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট  
প্রশিক্ষণ ও যোগাযোগ উইং  
গাজীপুর-১৭০১  
www.bari.gov.bd



স্মারক নম্বর: ১২.২১.০০০০.০১৩.৮০.১৩৮.১৯.১২০৩

২১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: আসফাকুন সিদ্দিকা (BARI3055), বৈজ্ঞানিক কর্মকর্তা, তৈলবীজ গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর University of Southern Queensland, Australia-তে পিএইচডি কোর্স শেষে কর্মস্থলে যোগাদান ও পিএইচডি ডিসারটেশন এর কপি জমাদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় মোতাবেক মহাপরিচালক, বিএআরআই, গাজীপুর এর অনুমোদনক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, গত ১০ জুলাই ২০১৭ খ্রি. হতে ০৯ জুলাই ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) বছর University of Southern Queensland, Australia-তে পিএইচডি কোর্সে অংশগ্রহণের জন্য কৃষি মন্ত্রণালয়ের অনুমতিক্রমে প্রেরণাদেশ প্রদান করা হয়।

উল্লেখ্য যে, COVID-19 এর কারণে গবেষণা কাজ শেষ করতে না পারায় এবং প্রেষণের মেয়াদ শেষ হয়ে যাওয়ায় আপনি দেশে ফিরে কর্মস্থলে যোগাদান করেন এবং আপনার যোগাদান পত্র অত্র দপ্তর কর্তৃক গৃহীত হয় (কপি সংযুক্ত)। পিএইচডি কোর্সের অসম্পূর্ণ কাজ (ল্যাব এক্সপেরিমেন্ট, তথ্য বিশ্লেষণ ও প্রবন্ধ প্রকাশনা) সম্পন্ন করার জন্য সুপারভাইজরের মাধ্যমে ০৪ আগস্ট ২০২২ খ্রি. ০৩ আগস্ট ২০২৩ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছর শিক্ষাছুটির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেন (কপি সংযুক্ত)। আপনার আবেদনের প্রেক্ষিতে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে ২৪ আগস্ট ২০২২ খ্রি. ২৩ আগস্ট ২০২৩ খ্রি. পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ থেকে ০১ (এক) বছর শিক্ষাছুটি (অর্ধগড় বেতনে) মঞ্জুর করে মন্ত্রণালয় হতে মহাপরিচালক, বিএআরআই, গাজীপুর বরাবর পত্র দিয়েছিলেন। সে আলোকে আপনি ০৬ সেপ্টেম্বর ২০২২ খ্রি. থেকে ০৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছর শিক্ষাছুটির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, বিএআরআই, গাজীপুর বরাবর আবেদন করেছিলেন। আপনার আবেদনের প্রেক্ষিতে বিষয়টি আপনাকেসহ সংশ্লিষ্ট সকলকে জানিয়ে পত্র প্রেরণ করা হয়।

গত ০৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. হতে তাঁর শিক্ষাছুটির মেয়াদ শেষ হলেও অধ্যবদি আপনি কর্মস্থলে যোগাদান ও পিএইচডি ডিসারটেশন কপি জমাদান করেননি।

এমতাস্থায়, আপনাকে জরুরী ভিত্তিতে কর্মস্থলে যোগাদান ও পিএইচডি ডিসারটেশন এর কপি জমাদানের নির্দেশ প্রদান করা হলো।

০৬-১১-২০২৩

ড. মো. তারিকুল ইসলাম  
পরিচালক

আসফাকুন সিদ্দিকা (BARI3055), বৈজ্ঞানিক কর্মকর্তা, তৈলবীজ গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর।

**দৃষ্টি আকর্ষণ:**

পরিচালক, তৈলবীজ গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।

স্মারক নম্বর: ১২.২১.০০০০.০১৩.৮০.১৩৮.১৯.১২০৩/১ (৭)

২১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক, গবেষণা উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;
- ২। পরিচালক, সেবা ও সরবরাহ উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;
- ৩। পরিচালক, পরিকল্পনা ও মূল্যায়ন উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;
- ৪। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত), এএসআইসিটি বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;
- ৫। উপ পরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;
- ৬। উপপরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এবং

৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।



A handwritten signature in black ink, appearing to read 'T. Islam'.

০৬-১১-২০২৩

ড. মো. তারিকুল ইসলাম  
পরিচালক